AP
ই-ফাইলে
উপস্থাপন করুন।
১৯/৪/১৮

বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড
পল্লীভবন, ৫ কাওরান বাজার, ঢাকা-১২১৫।

স্মারক নং-৪৭.৬২.০০০০.৫০৬.০০.৮০৮.৯৪ . ২২৬৪

তারিখঃ ১৮এপ্রিল, ২০১৮ খ্রি.

বিষয়ঃ চাঁপাইনবাবগঞ্জ জেলাধীন নাচোল ইউসিসিএ'র ০২ জন পরিদর্শক নিয়োগ সংক্রান্ত বিষয়ে তথ্যসহ প্রতিবেদন প্রেরণ।
সূত্রঃ উপপরিচালকের কার্যালয় ,চাঁপাইনবাবগঞ্জ এর পত্র নং ৫০১, তারিখঃ ২৫/০২/২০১৮খ্রি.।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে সূত্রোক্ত স্মারকে প্রাপ্ত পত্রটি পর্যালোচনা করে দেখা যায় যে ২০১৬-১৭ অর্থ বছরে ইউসিসিএ'তে কর্মরত কর্মচারীদের বেতন-ভাতা খাতে ঋণের সেবামূল্য হতে আয় ৬.৪৩ লক্ষ টাকা এবং বিপরীতে ব্যয় ১৫.৭৮ লক্ষ টাকা। ঘাটতি ৯.৩৫ লক্ষ টাকা। এ অতিরিক্ত অর্থ কোন্ খাত হতে ব্যয় করা হয়েছে এবং অর্থের উৎস কী তা জানা প্রয়োজন। এছাড়া ০২জন পরিদর্শক নিয়োগ করা হলে তাদের বেতন-ভাতা কোথা হতে নির্বাহ হবে তার সুস্পষ্ট তথ্য প্রয়োজন।

২। এমতাবস্থায়, বর্ণিত তথ্য আগামী ১৫ (পনের) দিনের মধ্যে নিম্নস্বাক্ষরকারীর নিকট প্রেরণের জন্য অনুরোধ করা হলো।

১৮/৪/১৮

মোঃ মাহমুদুল হোসাইন খান
পরিচালক (সরেজমিন)
(যুগ্মসচিব)
ফোনঃ ০২৮১৮০০০৬

উপপরিচালক
বিআরডিবি, চাঁপাইনবাবগঞ্জ।

জ্ঞাতার্থে ও কার্যার্থে, অনুলিপিঃ
১। উপপরিচালক (প্রোগ্রামিং), বিআরডিবি, ঢাকা (পত্রটি ওয়েবসাইটে প্রকাশের জন্য)।
২। মহাপরিচালক মহোদয়ের একান্ত সচিব,বিআরডিবি, ঢাকা।
৩। অফিস নথি।

E:\OFFICE ORDER.doc17